গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
Accelerating Protection for Children (APC) Project
বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্তর সড়ক, ঢাকা-১০০০।

নং- মশিবিম/এপিসি/নিয়োগ (HPPC, CACO, CRF)/২০২২/৯৪- ১৫৪৩ তারিখঃ ১০/০৪/২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ইউনিসেফ সাহায্যপুষ্ট "Accelerating Protection for Children (APC)" প্রকল্পের শূন্য পদে সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে (Online) **apc.teletalk.com.bd** **ওয়েবসাইটের মাধ্যমে** দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | বেতন (সাকুল্যে) | পদ সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | হার্মফুল প্র্যাকটিসেস প্রোগ্রাম কো-অর্ডিনেটর (Harmful Practices Program Coordinator) | মাসিক বেতন (সাকুল্যে) টাকা ৭০,০০০.০০ মাত্র | ৭ (সাত) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী/সমমান।<br>খ) সরকারি, বেসরকারি বা কোন আন্তর্জাতিক উন্নয়ন সংস্থায় শিশু ও কিশোর-কিশোরীদের সুরক্ষা, অধিকার/ক্ষমতায়ন বিষয়ক কাজে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজি উভয় ভাষায় প্রতিবেদন প্রণয়ন, যোগাযোগ, উপস্থাপনা, MS Office ও Internet Browsing-এ দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীদের বয়স ১১/০৪/২০২২ তারিখে সর্বোচ্চ ৫০ বৎসর হতে হবে। |
| ২ | চাইল্ড রাইটস ফ্যাসিলিটেটর (Child Rights Facilitator) | মাসিক বেতন (সাকুল্যে) টাকা ৩৫,০০০.০০ মাত্র | ৭ (সাত) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী/সমমান।<br>খ) সরকারি, বেসরকারি বা কোন আন্তর্জাতিক উন্নয়ন সংস্থায় শিশু ও কিশোর-কিশোরীদের সুরক্ষা, অধিকার/ক্ষমতায়ন বিষয়ক কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজি উভয় ভাষায় প্রতিবেদন প্রণয়ন, যোগাযোগ, উপস্থাপনা, MS Office ও Internet Browsing-এ দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীদের বয়স ১১/০৪/২০২২ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ পর্যন্ত শিখিলযোগ্য ) |
| ৩ | চিলড্রেন এন্ড অ্যাডোলেসেন্ট ক্লাব অর্গানাইজার Children & Adolescent Club Organizer | মাসিক বেতন (সাকুল্যে) টাকা ১৫,০০০.০০ মাত্র | ৭২ (বাহাত্তুর) টি | ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমান পরিক্ষায় উত্তীর্ণ।<br>খ) সুরক্ষা ও অধিকার বিষয়ে শিশু ও কিশোর-কিশোরী, পিতা-মাতা এবং কমিউনিটির সহিত কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।<br>গ) প্রার্থীদের বয়স ১১/০৪/২০২২ তারিখে সর্বোচ্চ ৪০ বৎসর হতে হবে।<br>ঘ) MS Office এবং Internet Browsing এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |

অন্যান্য শর্তাবলী

১. আবেদনকারীর কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
২. ক্রমিক ২ এ উল্লেখিত পদে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয় পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।
৩. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
৪. নির্ধারিত সময়ের পর কোন আবেদন এবং অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদন সফটওয়ার কর্তৃক গৃহীত হবে না।
৫. সরকারী, আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথা কর্তৃপক্ষের মাধমে আবেদন করতে হবে।
৬. ক্রমিক ৩-এ উল্লেখিত পদে প্রকল্পভুক্ত জেলাসমুহের প্রকল্পভুক্ত উপজেলা বাসিন্দাদের অগ্রাধিকার প্রদান করা হবে। প্রকল্পটি ২৬টি জেলার ৫৪ উপজেলা (টাঙ্গাইল (নাগরপুর, মধুপুর), গাজীপুর (কালীগঞ্জ), মুন্সিগঞ্জ (মীরকাদিম) নেত্রকোণা (খালিয়াজুরী, কলমাকান্দা, মোহনগঞ্জ), জামালপুর (ইসলামপুর, দেওয়ানগঞ্জ), শেরপুর (শ্রীবরদী, নালিতাবাড়ী), খুলনা (কয়রা, দাকোপ), বাগেরহাট (শরণখোলা, মোড়েলগঞ্জ) সাতক্ষীরা (শ্যামনগর, তালা), কুষ্টিয়া (দৌলতপুর, ভেড়ামারা) বান্দরবান (থানচি, রুমা), কক্সবাজার (উখিয়া, টেকনাফ), রাঙ্গামাটি (বিলাইছড়ি, জুরাছড়ি), খাগড়াছড়ি (লক্ষীছড়ি, দিঘীনালা), সুনামগঞ্জ (দক্ষিণ সুনামগঞ্জ, বিশ্বম্ভরপুর), হবিগঞ্জ (চুনারুঘাট, বানিয়াচং), সিলেট (সিলেট সদর, জৈন্তাপুর), মৌলভীবাজার (শ্রীমঙ্গাল, রাজনগর) ভোলা (সদর, চরফ্যাশন, লালমোহন, মনপুরা), পটুয়াখালী

(গলাচিপা, কলাপাড়া), বরগুনা (পাথরঘাটা, বরগুনা সদর) গাইবান্ধা (ফুলছড়ি, গাইবান্ধা সদর), কুড়িগ্রাম (কুড়িগ্রাম সদর, চর রাজিবপুর), নীলফামারী (কিশোরগঞ্জ, ডিমলা, ডোমার) চাঁপাইনবাবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ সদর, শিবগঞ্জ), সিরাজগঞ্জ (বেলকুচি, শাহজাদপুর) ও ৭ টি সিটি কর্পোরেশনে (ঢাকা, নারায়নগঞ্জ, গাজীপুর , বরিশাল, চট্রগ্রাম, সিলেট ও খুলনা) বাস্তবায়িত হচ্ছে।

৭. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন অঞ্চলে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে।

৮. পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল, এসএমএস (SMS) এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mowca.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

৯. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১০. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যাতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্র, ওয়ার্ড কমিশনার/ ইউপি চেয়ারম্যান হতে চারিত্রিক সনদ চাকরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ সকল ডকুমেন্ট/সনদপত্রের মূলকপি এবং ০১ (এক) সেট ফটোকপি অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে।

১১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল/স্থগিত/আংশিক/সম্পূর্ণ পরিবর্তন এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

১২. প্রযোজ্য ক্ষেত্রে সাকুল্য বেতন হতে সরকারী নিয়মনীতি অনুসরণ করে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।

১৩. আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী

আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক. ১-৩ ক্রমিকে উল্লিখিত পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে **apc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরুপ:

i) Online - এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১১/০৪/২০২২ খ্রিঃ সকাল ১০:০০ টা।

ii) Online – এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়:৩০/০৪/২০২২ খ্রিঃ বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online – এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়ামাবলি ও পরীক্ষার ফি প্রদান:** অনলাইনে আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভূল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এ সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১ - ৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং টেলিটক চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টা মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online - এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS:** APC<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **APC ABCDEF**

- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type APC<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** APC<Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **APC YES 12345678**

- Reply: Congratulations Applicant's Name, payment completed Successfully for APC Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **apc.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS –এর মাধমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষার সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর,পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে:

জ. শুধু মাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**User ID জানা থাকলে:**

I. APC<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.

Example: APC Help User ABCDEF & send to 16222.

**PIN Number জানা থাকলে:**

II. APC<Space>Help<Space>PIN<Space>PIN No & Send to 16222.

Example: APC Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর Website: www.mowca.gov.bd এ দেখা যাবে। অথবা QR Code স্কান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ , সময় ও অন্যান্য তথ্য www.mowca.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা apc.mowca@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। ( Mail এর Subject এ Organization Name: APC Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

ট. ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*যথাসময়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা করার পরামর্শ দেয়া হলো।

১৪. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

13/04/2022

(এস এম লতিফ)
প্রকল্প পরিচালক (উপ-সচিব)
একসিলারেটিং প্রোটেকশন ফর চিলড্রেন (এপিসি) প্রকল্প
ফোন নং- ৯৫১৪৮৭৭।